দৈনিক ইত্তেফাক
NOV. 30 2001
তারিখ ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 7 ...

## মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প সম্পর্কে

এ দেশকে নিরক্ষারতামুক্ত করার পাশাপাশি ছেলে-মেয়েদের ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করার এবং অবহেলিত ইমাম সমাজকে আর্থিক সুবিধা প্রদানের লক্ষ্যে ১৯৯৩ সালে দেশব্যাপী 'মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম' চালু করা হয়। ধর্ম মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশকে এ প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব দেয়া হয়। ইমামদের মাধ্যমে পরিচালিত এ কর্মসূচীতে আরবীর পাশাপাশি বাংলা, অংক, ইংরেজী পড়ার সুবিধা থাকায় ধর্মভীরু মুসলমানদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উৎসাহ- উদ্দীপনা লক্ষ্য করা যায়। ব্যাপক চাহিদার কারণে দিনে দিনে প্রকল্পটি বিশালাকার ধারণ করে। প্রকল্পটি দ্বিতীয় মেয়াদ পূর্ণ করেছে। জাতীয় বেতন স্কেলে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিগণ আট বছরের অধিক সময় এ প্রকল্পে নিয়োজিত আছেন। এদিকে প্রকল্পের তৃতীয় মেয়াদ শুরুর প্রাক্কালে জানা গেছে, কর্মকর্তা-কর্মচারীদের বেতন জাতীয় বেতন স্কেলে না দিয়ে সাকুল্য বেতন প্রদানের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। কর্মকর্তা-কর্মচারিগণ এই সংবাদে হতাশ, যা প্রকল্পের সফল-সুন্দর বাস্তবায়নের অন্তরায়। এই অবস্থায় সম্ভাবনাময় প্রকল্পটির নিষ্কন্টক অগ্রযাত্রা নিশ্চিত করতে নিয়োগপত্রের শর্তানুযায়ী জাতীয় বেতন স্কেলে বেতন প্রদান এবং পর্যায়ক্রমে প্রকল্পটি রাজস্ব খাতে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

সায়ীদ আহমাদ খান,
মৈশাদী, চাঁদপুর।